

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 28-12-2025**

**Time: 1.40 P.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, স্বদেশী ভাবনা প্রত্যেক দেশবাসীর হস্তয়ে প্রোথিত। #আকাশবাণীতে আজ মন কি বাতের ১২৯ তম পর্বে তিনি বলেন, ভারতের প্রতি গোটা বিশ্বের বিপুল প্রত্যাশার কেন্দ্রে রয়েছে দেশের যুব শক্তি।
- আগামী বছর জানুয়ারি মাসে জাতীয় যুব দিবসে আয়োজিত ইয়াং লিডার্স ডায়ালগে অংশ নেবেন শ্রী মোদী।
- মানুষকে আরও সচেতনভাবে অ্যান্টিবায়োটিক ব্যবহারের পরামর্শ দিয়েছেন প্রধানমন্ত্রী।
- ২) বিহারের শিমুলতলা স্টেশনের কাছে মালগাড়ি লাইনচুয়ত হওয়ার ঘটনায় হাওড়া ও শিয়ালদা থেকে বাতিল দূর পান্নার ট্রেন।
- ৩) দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং থানার পুলিশ কোয়ার্টার থেকে এক মহিলা হোমগার্ডের দেহ উদ্ধারের ঘটনায় চাপ্টল্য ছড়িয়েছে।
- ৪) বছরের শুরুতেই দার্জিলিং ও কালিম্পং জেলায় হালকা তুষারপাতের সম্ভাবনা।
- ৫) ফিট ইন্ডিয়া কর্মসূচীর অঙ্গ হিসাবে আজ সল্টলেকে সাইকেল রালির আয়োজন করা হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, স্বদেশী ভাবনা প্রত্যেক দেশবাসীর হৃদয়ে প্রোথিত। আকাশবাণীতে আজ মন কি বাতের ১২৯ তম পর্বে তিনি বলেন, মানুষ এখন সেইসব পণ্যই কিনছেন, যেখানে একজন ভারতীয়ের পরিশ্রম রয়েছে এবং যে পণ্যে দেশের মাটির গন্ধ রয়েছে।

### বাইট স্বদেশী

জাতীয় স্তোত্র বন্দে মাতরমের দেড়শো বছর পূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রী দেশবাসীকে তাদের বার্তা ও পরামর্শ পাঠানোর আন্তর্বান জানিয়েছিলেন। দেশবাসী যেভাবে উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে এতে অংশ নেন, তাতে সন্তোষ ব্যক্ত করেন শ্রী মোদী।

### বাইট বন্দেমাতরম

শ্রী মোদী বলেন, গোটা বিশ্ব বিপুল প্রত্যাশা নিয়ে ভারতের দিকে তাকিয়ে রয়েছে। এই প্রত্যাশার মূলে রয়েছে দেশের যুব শক্তি। এই প্রসঙ্গে তিনি বিকশিত ভরত ইয়ং লিডার্স ডায়ালগের কথা উল্লেখ করেন। আগামী জানুয়ারি মাসের ১২ তারিখ স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষে জাতীয় যুব দিবস উদযাপিত হবে। ঐদিনই ইয়ং লিডার্স ডায়ালগের দ্বিতীয় পর্বের আয়োজন করা হচ্ছে।

### বাইট যুব দিবস

ভারতীয় সংস্কৃতির ঐতিহ্যকে পাথেয় করে নতুন ভাবনা ও উদ্ভাবনে যুব সমাজ যেভাবে কাজ করছে, তা প্রশংসনীয় বলে মন্তব্য করেন শ্রী মোদী। এ প্রসঙ্গে তিনি ইন্ডিয়ান ইনসিটিউট অফ সায়েন্সের ক্যাম্পাসে তৈরি সাংস্কৃতিক কেন্দ্র গীতাঞ্জলী আইআইএসসির কথা তুলে ধরেন, যেখানে শাস্ত্রীয় থেকে লোকসঙ্গীত একসঙ্গে বসে অনুশীলন করেন ছাত্ররা।

২০২৬ সালে নতুন আশা ও সংকল্প নিয়ে দেশবাসী এগোতে প্রস্তুত বলে তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, দেশের তরুণরা বর্তমানে নিজেদের প্রতিভা প্রদর্শনে দারুণ সুযোগ পাচ্ছেন। চলতি মাসেই শেষ হয়েছে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন। এখানে ডিজিটাল অ্যারেস্ট, আর্থিক প্রতারণা, সাইবার সিকিউরিটি, কৃষি ক্ষেত্রে উদ্ভূত বিভিন্ন চ্যালেঞ্জের সমাধানে ছাত্ররা তাদের চিন্তাভাবনা ভাগ করে নিয়েছেন।

প্রধানমন্ত্রী জানান, ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চ আইসিএমআর-এর সাম্প্রতিক কয়েকটি রিপোর্টে দেখা গেছে, নিউমোনিয়া এবং ইউটিআই এর মত সমস্যার ক্ষেত্রে অনেক সময় অ্যান্টিবায়োটিক কার্যকর হচ্ছে না। এর প্রধান কারণ হল, মানুষ বিবেচনাহীনভাবে অ্যান্টিবায়োটিক খাচ্ছেন যা অত্যন্ত উদ্বেগের বিষয়।

### বাইট অ্যান্টিবায়োটিক

প্রধানমন্ত্রী বলেন, আগামী বছর ২৬ শে জানুয়ারি ৭৭ তম সাধারণতন্ত্র দিবস উদযাপিত হবে। স্বাধীনতা আন্দোলনে দেশের বিভিন্ন প্রান্তের মানুষ অংশগ্রহণ করলেও অনেক বীর-বীরাঙ্গনা রয়েছেন, যাদের নাম লোকচক্ষুর অন্তরালেই থেকে গেছে। এপ্রসঙ্গে তিনি ভারত ছাড়ে আন্দোলনে অংশগ্রহণকারী ওড়িশার পার্বতী গিরির কথা তুলে ধরেন।

আজকের মন কি বাতে প্রধানমন্ত্রী বিকশিত ভারতের সংকল্পের বাস্তবায়ন নিয়ে দৃঢ় সংকল্প ব্যক্ত করেছেন।

---

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০

মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

---

বিহারের শিমুলতলা স্টেশনের কাছে তেলিয়াবাজার এলাকায় সিমেন্ট বোর্কাই মালগাড়ির বেশ কয়েকটি বগি লাইনচুত হওয়ায় বেশ কিছু দূর পাল্লার ট্রেন বাতিল হয়েছে। কিছু লোকাল ট্রেন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হয়েছে। গতরাতে বিকট শব্দে লাইনচুত হয়ে জোশিডি থেকে ঝাবাগামী মালাগড়িটির কয়েকটি কামরা সেতুর ওপর থেকে নদীতে পড়ে যায়। বাকি বগিশুলি পাশের লাইনে উল্টে পড়েছিল। যদিও এই দুর্ঘটনার জেরে কেউ হতাহত হননি।

হাওড়া-দেরাদুন এক্সপ্রেস, শিয়ালদা বালিয়া এবং মোকামা- হাওড়া এক্সপ্রেস, জোশিডি মোকামা মেমু, কিউল-জোশিডি মেমু, দেওঘর-ঝাবা মেমু সহ একাধিক ট্রেন বাতিল হয়েছে। টাটানগর-বক্সার, হাওড়া-নতুনদিল্লী রাজধানী, হাওড়া পাটনা বন্দেরত এক্সপ্রেস, কলকাতা গোরখপুর পূর্বাঞ্চল, জোশিডি পুনে সাম্প্রাহিক এক্সপ্রেস ইত্যাদি ট্রেনের যাত্রাপথ বদল করা হয়েছে।

---

বুলু লাইনে আজ মেট্রো পরিষেবা ব্যাহত হওয়ায় তীব্র ভোগান্তিতে পড়েন যাত্রীরা। আপ লাইনে মহানায়ক উত্তম কুমার স্টেশনের আগে চালক এমার্জেন্সী ব্রেক দেওয়ায় ট্রেন দাঁড়িয়ে পড়ে। তারপর আধ ঘন্টার বেশি সময় এই অবস্থাতেই দাঁড়িয়ে থাকে মেট্রোটি। এই সময়ে ময়দান ও দক্ষিণেশ্বরের মধ্যে ট্রেন চলাচল করছিল। কি কারণে

চালক ৱেক কষলেন, সেই বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে বলে মেট্রোর এক বিবৃতিতে জানানো হয়েছে। বেলা একটা থেকে ট্রেন চলাচল স্বাভাবিক হয়েছে।

---

২০২৫ সাল প্রায় শেষ পর্যায়ে। নতুন ভারত তৈরির ক্ষেত্রে সরকার এবছর যোগাযোগ ব্যবস্থায় বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। দেশের প্রত্যন্ত এলাকা জুড়েছে রেল যোগাযোগ মাধ্যমে। একটি প্রতিবেদন-

(ক্যাপসুল- কাশফিন)

---

তোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আগামী মঙ্গলবার এরাজ্যে আসছেন। দলে রয়েছেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, প্রিসিপাল সেক্রেটারি S B জোশী, আন্ডার সেক্রেটারি অভিনব আগরওয়াল। প্রতিনিধি দলটি শুনানি পর্ব নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল-এর সঙ্গে বৈঠক করবেন। পরদিন ৩১শে ডিসেম্বর প্রতিনিধি দলটি দিল্লি ফিরে যাবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রের খবর।

---

বর্ধমানে জেলাশাসকের দপ্তরে এসআইআর-এর শুনানি চলাকালীন জোর করে ত্রি কেন্দ্রে চুক্তি পড়ার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস বিধায়ক খোকন দাসের বিরুদ্ধে। গতকাল বর্ধমান দক্ষিণের ত্রি বিধায়ক শুনানি কেন্দ্রে চুক্তি সরকারি আধাকিরাকদের কাছে তোটারদের নথি নিয়ে জানতে চান। বিজেপি এই ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন।

হাওড়ার উলুবেড়িয়া দক্ষিণ বিধানসভা কেন্দ্রের ধুলাসিমলা হাসপাতাল মোড় থেকে ফুটবল ময়দান পর্যন্ত বিজেপির পক্ষ থেকে আজ পরিবর্তন সংকল্প যাত্রার আয়োজন করা হয়েছে। এতে অংশ নিচ্ছেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডষ্টের সুকান্ত মজুমদার।

দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং থানার পুলিশ কোয়ার্টার থেকে এক মহিলা হোমগার্ডের দেহ উদ্ধারের ঘটনায় চাথৰল্য ছড়িয়েছে। এই ঘটনায় এক পুলিশ কর্মীর বিরুদ্ধে খুনের অভিযোগ দায়ের করেছে পরিবার। জানা গেছে, গুলজান পারভিন মোল্লা ওরফে রেশমী নামের বছর ২২-এর ওই হোমগার্ড, ক্যানিং দু-নম্বর ব্লকের জীবনতলা থানার উত্তর মৌখালি এলাকার বাসিন্দা। গত শুক্রবার থেকে তাঁর সঙ্গে পরিবারের লোকেরা যোগাযোগ করতে পারেননি বলে অভিযোগ। পরে কোয়ার্টারে রেশমীর দেহ উদ্ধার হয়।

পর্যটকদের জন্য খুশির খবর। বছরের শুরুতেই হালকা তুষারপাত হওয়ার সম্ভাবনা রয়েছে দার্জিলিং ও কালিম্পং জেলায়। পশ্চিমী বঙ্গার কারণে ৩১ তারিখ থেকে দু তারিখের মধ্যে হিমালয় সম্মিলিত দার্জিলিং কালিম্পং জেলায় হালকা বৃষ্টি অথবা হালকা বরফ পড়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

দক্ষিণবঙ্গে আগামীকাল থেকে তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রি বাড়তে পারে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিক। দক্ষিণবঙ্গের সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে বাঁকুড়ায় ৯ দশমিক

তিনি ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের থেকে দুই দশমিক এক ডিগ্রি কম। উত্তরবঙ্গের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় আলিপুরদুয়ারে ৯ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ে এলাকায় আজ সকালে তাপমাত্রা ছিল ৪. ২ ডিগ্রি সেলসিয়াস।

---

কেন্দ্রীয় সরকারের ফিট ইন্ডিয়া কর্মসূচির অঙ্গ হিসেবে আজ সকালে সল্টলেকের সাই কমপ্লেক্সে ফিট ইন্ডিয়া সান্ডেস অন সাইকেল শীর্ষক বিশেষ সাইকেল র্যালির আয়োজন করা হয়। প্রায় ১৫ হাজার সাধারণ মানুষ এর পাশাপাশি বিভিন্ন ক্রীড়া ব্যক্তিগত এতে অংশগ্রহণ করেন। সাইকেল র্যালি ছাড়াও দৌড় ও যোগাসনও অনুষ্ঠিত হয়। উপস্থিতি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন তীরন্দাজ দীপিকা কুমারী, অতনু দাস, শুটার জয়দীপ কর্মকার, অ্যাথলিট সুস্মিতা সিংহ রায়, দ্রোণচার্য কোচ ডক্টর কুন্তল রায় প্রমুখ।

---